## খালিয়াজুরী উপজেলা পরিষদের সেপ্টেম্বর/ ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| উপজেলা পরিষদ | খালিয়াজুরী |
| সভার তারিখ ও সময় | ২০/০৯/২০২১ সময়: দুপুর ১২.০০ ঘটিকা |
| সভাপতি | জনাব সুমন চক্রবর্তী,চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা। |
| উপস্থিত সদস্য | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভার কাজ পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত ৩১/০৮/২০২১ খ্রি:তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা:

| ক্র: নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে,প্রাণী সম্পদ অফিসের স্বাভাবিক কাজ কর্ম চিকিৎসা,ভেকসিন ও কৃত্রিম প্রজনন প্রভৃতি যথাযথ ভাবে চলছে। তিনি বলেন প্রতি ইউনিয়নে একজন করে কৃত্রিম প্রজনন কর্মী নিয়োগ দেয়া হয়েছে। প্রশিক্ষণ শেষে তারা কার্যক্রম শুরু করবেন। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন যে অআমার অফিসের কোন সমস্যা নাই ভাল ভাবে অফিসের কার্যক্রম চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৩ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে,বিগত ১২/০৯/২০২১ খ্রি: তারিখ থেকে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের উপস্থিতে পাঠদান কার্যক্রম চালু হয়েছে। খালিয়াজুরী উপজেলায় সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে পাঠদান কার্যক্রম চলছে। এ ছারা বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রমে কোন সমস্যা নাই। | স্বাস্থ্য বিধি মেনে পাঠদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার বলেন যে,মৎস্য বিভাগের কার্যক্রম সুষ্টভাবে সম্পন্ন হয়েছে। বিভিন্ন ইউনিয়নের পুকুর মালীকদিগকে ইউনিয়নে নিয়োজিত লীফের মাধ্যমে এবং মৎস্য অফিসের সহযোগীতার মাধ্যমে বৈজ্ঞানিক পদ্ধতিতে নিবিড় ভাবে মাছ চাষ করার পরামর্শ অব্যাহত আছে। | চাষ চাষের বিষয়ে জনগনের মাধ্যমে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার বলেন যে,খালিয়াজুরী উপজেলার সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। কোন সমস্যা নাই। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ০৬ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন যে,আমার অফিসের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। আমার অফিস রুমটি সংস্কার করার প্রয়োজন। | সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন যে,২০২০-২১ খ্রি: অর্থ বছরের ১ম পর্যায়ের বরাদ্দ পাওয়া গিয়েছে। খুব দ্রুত বিভাজন প্রস্তুত পূর্বক সভা আহবান করা হবে। ২০২০-২১ খ্রি: অর্থ বছরের কিছু কিছু প্রকল্পের মাস্টার রোল সংশোধনের জন্য পত্র প্রদান করা হয়েছে। এ ছারাও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | মাস্টারোল সংশোধন করে দ্রুত প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ০৮ | জনস্বাস্থ্য বিভাগ | উপসহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য বলেন যে,আমার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২১ অর্থ বছরের নলকুপের কাজ চলমান আছে। | দ্রুত গতিতে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগ। |
| ০৯ | পল্লী দারিদ্র্য বিভাগ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা বলেন যে, চলতি অর্থ বছরে আগস্ট মাস/২০২১ পর্যন্ত ঋণ বিতরন করা হয়েছে ৮.৭৫ লক্ষ টাকা আদায় করা হয়েছে ৭.৪০ লক্ষ টাকা। চলতি আদায়ের হার ৯৩%। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । কোন সমস্যা নাই। তিনি | রোম বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আরোও বলেন যে,কোর্ট বিল্ডিং এর ০২ টি রুম ব্যবহার করা হচ্ছে। একটি রোম বৃষ্টি হলে পানি পড়ে। তাই পাশের একটি রোম বরাদ্দের দেয়ার জন্য বিনীত ভাবে অনুরোধ করা হল। | | |
| ১০ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী বলেন যে,২০২১-২২ অর্থ বছরে মোট সম্ভাব্য বরাদ্দ ১,০৪,৯৬,০০০/-টাকা প্রকল্প নেয়া হয়েছে। তার মধ্যে প্রকল্প কমিটি ৩০%=৩১,৪৮,৮০০/-,থোক বরাদ্দ ১০%=১০,৪৯,৬০০/-,তদারকি ব্যয়-১%=১,০৫,০০০/-,আনু: ব্যয়-৫২,৫০০/- সর্বমোট ৪৩,৫৫,৯০০/- টাকা বাদে অবশিষ্ট ৬১,৪০,১০০/-ইউনিয়ন ওয়ারি আয়তন ও জনসংখ্যা অনুযায়ী নিম্নে বিভাজন করা হল।<br>১। মেন্দিপুর ইউপি - ১৩,৪৬,২৫০/- টাকা ২। চাকুয়া ইউপি-১৪,৯২,৫৫০/- টাকা ৩। খালিয়াজুরী ইউপি-৯,৪২,৬০০/-টাকা ৪। নগর ইউপি-৭,৫২,৮৫০/- টাকা ৫। কৃষ্ণপুর ইউপি-৭,৪৩,৮০০/- ৬। গাজীপুর ইউপি-৮,৬২,০৫০/- বিভাজন অনুযায়ী প্রকল্প দেয়ার জন্য অনুরোধ করেন। | দ্রুত গতিতে প্রকল্প দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ১১ | মহিলা বিষয়ক বিভাগ | আমার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।আমার কার্যক্রম পরিচালনার জন্য একজন অফিস সহকারী যোগদান করেছেন। কিশোর কিশোরী ক্লাব ও আইজি এ প্রকল্পের কাজ চলমান আছে। মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির বিগত জুন/২০২১ মাসে একটি চক্রের মেয়াদ শেষ হওয়ায় নতুন তালিকা প্রস্তুতের পত্র পেলে ব্যবস্থা নেয়া হবে। ভিজিডি কার্যক্রম সুষ্ঠভাবে চলছে এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | আরো ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১২ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে,গত ১২ সেপ্টেম্বর থেকে প্রায় ১৮ মাস শিক্ষা প্রতিষ্ঠান করোণা কালীন ছুটি থাকায় পরে খুলেছে। স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান চালু হয়েছে। কোথাও কোথাও কিছু ত্রুটি আছে।সকলের প্রচেষ্টায় সমাধান হবে ।ইনশাল্লাহ। | স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্টান চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৩ | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার বলেন যে,১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি; তারিখে জনাব গোলাম কিবরিয়া জব্বার,উপজেলা চেয়ারম্যান এর মৃত্যুজনিত কারনে পদটি দির্ঘদিন যাবৎ শূণ্য ছিল। ০২ সেপ্টেম্বর /২০২১ উপজেলা চেয়ারম্যান এর শূণ্য পদে নির্বাচন অনুষ্ঠানের প্রজ্ঞাপন জারী করা হয়। নির্বাচন অংশ গ্রহণকারী একমাত্র প্রার্থী হওয়ায় অর্থাৎ বিনা প্রতিদন্ধিতায় হওয়ায় গণ বিজ্ঞপ্তি জারী করা হয়। এছাড়া ইউপি সাধারন নির্বাচন অনুষ্টানের লক্ষে সকল প্রস্তুতি চলছে। আসন্ন ইউপি নির্বাচন সুষ্ঠু,সুন্দর ও নিরপেক্ষভাবে সম্পন্নের লক্ষে উপস্থিত সকলের সার্বিক সহযোগীতা কামনা করছি। | সুন্দর,সুষ্ঠুভাবে নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৪ | সোনালী ব্যাংক | ব্যবস্থাপক,সোনালী ব্যাংক বলেন যে,বীর মুক্তিযোদ্ধাদের সম্মাণী ভাতা বিতরণে সমাজ সেবা কার্যালয়ের পরিবর্তে সোনালী ব্যাংক লি: দায়িত্ব প্রদান করা হয়। ইতি মধ্যে আইডি ,পাসওয়ার্ড সরবরাহ করা হয়েছে। সরকারী প্রজ্ঞাপন ও নির্দেশনার আলোকে কার্যক্রম চলমান রয়েছে। শাখায় জনবল ঘাটতি থাকায় স্বাভাবিক কার্যক্রমের সমস্যা সম্মুখিন হচ্ছে। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ভাল ভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি: |
| ১৫ | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য আপা বলেন যে,তার অফিসের কাজ কর্ম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নাই। | ভাল ভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য আপা |
| ১৬ | ইউডিএফ বিভাগ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা জানান যে,উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে অগ্রাধীকার ভিত্তিতে ০৮টি উপ প্রকল্প অনুমোদিত হয়। এবং উক্ত প্রকল্প সমূহ বাস্তবায়নে উপজেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করেন।<br>১। কোভিড-১৯ সংক্রামন মোকাবেলায় করোনা প্রতিরোধ ও প্রতিকার বিষয়ে স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ কর্মসূচী।<br>২। শিক্ষার মান উন্নয়ন মাধ্যমিক ও মাদ্রাসার শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরির উপর প্রশিক্ষণ।<br>৩। শিক্ষার মান উন্নয়নে প্রাথমিক শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরির উপর প্রশিক্ষণ<br>৪। প্রান্তিক নারীর উদ্যোক্তাদের নকশি কাথা শেলাই প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী ও ক্ষমতায়নে সক্ষমতা মূলক প্রশিক্ষণ<br>৫। উপজেলা পরিষদের অফিস স্টাফদের ই-নথি ,ওয়ের পোর্টাল ও | ভালভাবে প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ,ডি,এফ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অফিস ব্যবস্থাপনা বিষয়ক দক্ষতা অর্জনে সক্ষতামূলক প্রশিক্ষণ।<br>৬। কৃষকদের আর্থিক অবস্থা উন্নয়নে রবিশস্যের সম্প্রসারণ ,ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি বিষয়ে সক্ষমতামূলক প্রশিক্ষণ ।<br>৭। সামাজিক অবক্ষয়রোধে সচিতনতা বৃদ্ধিকল্পে বাল্যবিবাহ,ইভটিজিং মাদক ও যৌথবিরুধী কর্মশালা।<br>৮। সরকারের লক্ষ উদ্দেশ্য বাস্তবায়নে জাতীয় জন্ম,মৃত্যু নিবন্ধন বৃদ্ধিকল্পে সামাজিক সচেতনতা বিষয়ক কর্মশালা। | | |
| ১৭ | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান বলেন যে,নারী উন্নয়নে ৩% রাখা হয়েছে কিনা। আব্দুর রাজ্জাক,ডিএফএ বলেন যে নারী উন্নয়নে ৩% বরাদ্দ রাখতে হবে। | নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৮ | চেয়ারম্যান ,মেন্দিপুর ইউপি | চেয়ারম্যান,মেন্দিপুর ইউপি বলেন যে,সময় শেষ আমরা নীতিমালা অনুযায়ী কাজ করতে চাই। নারী উন্নয়নের কাজ ৩% রাখা হয়েছে । নীতিমালা অনুযায়ী কাজ করা হয়। | নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৯ | চেয়ারম্যান, চাকুয়া | চেয়ারম্যান,চাকুয়া ইউপি বলেন যে, আমার ইউনিয়নে লেপসিয়া বাজারের দুই বছরের প্রাপ্য বাজারের উন্নয়নের টাকা ছাড় দেয়ার প্রস্তাব করেন। | ১৫% ছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২০ | চেয়ারম্যান ,নগর ইউপি | চেয়ারম্যান,নগর ইউপি বলেন যে, আমার ইউনিয়নে কোন সমস্য নাই। কাজ কর্ম সঠিকভাবে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয। | চেয়ারম্যান নগর ইউপি |
| ২১ | চেয়ারম্যান, কৃষ্ণপুর ইউপি | চেয়ারম্যান,কৃষ্ণপুর ইউপি বলেন যে, আমার ইউনিয়নে কোন সমস্য নাই। কাজ কর্ম সঠিকভাবে চলছে। | ভালভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয। | চেয়ারম্যান, কৃষ্ণপুর ইউপি |
| ২২ | রাজস্ব তহবিল | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন সংস্কারের কাজ সম্পন্ন করতে হলে । আরোও ৪,০০,০০০/- টাকার প্রয়োজন। এব্যাপারে ০২ টি প্রকল্প গঠন করা যেতে পারে। নিম্নে প্রকল্প কমিটি উপস্থাপন করা হল।<br>ক। উপজেলা নির্বাহী অফিসার বাসভবন সংস্কার -১।<br>১। রাজীব আহমেদ,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- সভাপতি<br>২। মো: মুজিবুর রহমান,উপজেলা মৎস্য কর্মকর্তা- সদস্য<br>৩। মো: আজিজুর রহমান,উপজেলা সমবায় অফিসার- সদস্য<br>৪। মো: অআব্দুর রহমান,সা: সহকারী,উপজেলা নির্বাহী অফিস-সদস্য<br>৫। মো: ইজহারুল ইসলাম,অ: সহকারী, ঐ সদস্য<br><br>খ। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন-২<br>১। মো: রফিকুল ইসলাম,উপজেলা শিক্ষা অফিসার- সভাপতি<br>২। ২। মো: মুজিবুর রহমান,উপজেলা মৎস্য কর্মকর্তা- সদস্য<br>৩। মো: আজিজুর রহমান,উপজেলা সমবায় অফিসার- সদস্য<br>৪। মো: অআব্দুর রহমান,সা: সহকারী,উপজেলা নির্বাহী অফিস-সদস্য<br>৫। মো: ইজহারুল ইসলাম,অ: সহকারী, ঐ সদস্য | কমিটির অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার |

উপজেলা চেয়ারম্যান (ভারপ্রাপ্ত),মহোদয় বলেন যে,দেশে করোনা ভাইরাস ছড়িয়ে পড়েছে। তাই সকলকে সচেতন থাকতে হবে। জন সমাবেশ হতে দেয়া যাবে না। সকলকে মাস্ক,জীবানুমুক্ত ঔষধ ব্যবহার ও সামাজিক দুরত্ব বজায় রাখতে হবে। বিনা প্রয়োজনে ঘর হতে বাহিরে না যাওয়ার পরামর্শ দেন। এ কারণে স্বল্প পরিসরে স্বল্প সময়ে কাজ সমাপ্ত করার করার জন্য অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সুমন চক্রবর্তী
চেয়ারম্যান(ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
খালিয়াজুরী,নেত্রকোণা।

স্মারক নং ০৫.৪৫.৭২৩৮.০০০.০০৬.১৮.২০- ৬০৫ তারিখ: ২০/০৯/২০২১খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে ও কার্যার্থে।

০১। মাননীয় সংসদ সদস্য ১৬০,নেত্রকোণা-৪।

০২। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০৩। জেলা প্রশাসক,নেত্রকোণা।

০৪। পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০৫। উপ পরিচালক,স্থানীয় সরকার,নেত্রকোণা।

০৬। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা।

০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইসচেয়ারম্যান,উপজেলা পরিষদ,খালিয়াজুরী,নেত্রকোণা।

০৮। উপজেলা ........................ অফিসার,খালিয়াজুরী,নেত্রকোণা।

০৯। চেয়ারম্যান ........................ ইউপি (সকল),খালিয়াজুরী,নেত্রকোণা।

১০। সংশ্লিষ্ট নথি।

এ এইচ এম আরিফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
খালিয়াজুরী,নেত্রকোণা।
ফোন : ০৯৫২৬-৫৬০০১
ইমেইল: unokhaliajuri@yahoo.com